রেজিস্টার্ড নং ডি এ-১

১৫

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ২২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**মুদ্রণ ও প্রকাশনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ মার্চ ২০০৬

**নং ৭-মুপ্র-আইন-অনু-২/২০০৩/০৬।**—সরকার, কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রী পরিষদের বিগত ৩-৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত, ইংরেজীতে প্রণীত The Muslim Marriage and Devorces (Registration) Act, 1874 এর নিম্নরূপ বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল ঃ—

## মুসলিম বিবাহ এবং তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪

**(১৯৭৪ সনের ৫২ নং আইন)**

**(৩১শে জুলাই ২০০৫ পর্যন্ত সংশোধিত)**

**মুসলিম বিবাহ এবং তালাক নিবন্ধন সম্পর্কিত আইন একীভূত ও সংশোধন করিবার নিমিত্ত একটি আইন**

যেহেতু মুসলিম বিবাহ এবং তালাক নিবন্ধন সম্পর্কিত আইন একীভূত ও সংশোধন করা সমীচীন;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই আইন মুসলিম বিবাহ এবং তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা, অবস্থান নির্বিশেষে, বাংলাদেশের সকল মুসলিম নাগরিকের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।



মূল্য ঃ টাকা ৪.০০

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) "মহা পরিদর্শক, নিবন্ধন" এবং "নিবন্ধক" অর্থ যথাক্রমে নিবন্ধন আইন, ১৯০৮ (১৯০৮ সনের ১৬ নং আইন) এর অধীন অনুরূপ পদে পদায়নকৃত এবং নিয়োগকৃত কর্মকর্তাগণ;

(খ) "নির্ধারিত" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত।

৩। **বিবাহ নিবন্ধন**।—কোন আইন, প্রথা বা আচার-অনুষ্ঠানে যাহা কিছুই থাকুক না কেন, মুসলিম আইনের অধীন অনুষ্ঠিত প্রত্যেকটি বিবাহ এই আইনের বিধান অনুসারে নিবন্ধিত হইবে।

৪। **নিকাহ্ নিবন্ধক**।—এই আইনের অধীন বিবাহ নিবন্ধনের উদ্দেশ্যে, সরকার তৎকর্তৃক নির্ধারিত এলাকার জন্য, নিকাহ্ নিবন্ধক নামে অভিহিত, প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিবর্গকে, লাইসেন্স প্রদান করিবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন একটি এলাকার জন্য একাধিক নিকাহ্ নিবন্ধককে লাইসেন্স প্রদান করা যাইবে না;

আরও শর্ত থাকে যে, সরকার যখনই প্রয়োজন মনে করিবে, তখনই যে এলাকার জন্য একজন নিকাহ্ নিবন্ধককে লাইসেন্স প্রদান করা হয়, সেই এলাকার সীমানা বর্ধিত, কর্তিত বা পরিবর্তন করিতে পারিবে।

৫। **বিবাহ সম্পন্ন অবহিতকরণ ও নিবন্ধন**।—(১) যেক্ষেত্রে স্বয়ং নিকাহ্ নিবন্ধক কর্তৃক বিবাহ সম্পন্ন হয়, সেইক্ষেত্রে তিনি উহা অবিলম্বে নিবন্ধন করিবেন।

(২) যেক্ষেত্রে নিকাহ্ নিবন্ধক ব্যতীত অন্য কোন ব্যক্তি কর্তৃক বিবাহ সম্পন্ন করা হয়, সেইক্ষেত্রে বিবাহের বর উক্ত বিবাহ অনুষ্ঠিত হইবার তারিখ হইতে ত্রিশ দিবসের মধ্যে বিষয়টি সংশ্লিষ্ট নিকাহ্ নিবন্ধককে অবহিত করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন বিবাহ সম্পন্নের বিষয় নিকাহ্ নিবন্ধক অবহিত হইলে তিনি অবিলম্বে উক্ত বিবাহ নিবন্ধন করিবেন।

(৪) কোন ব্যক্তি এই ধারার কোন বিধান লঙ্ঘন করিলে, তিনি অপরাধ করিবেন এবং অনূর্ধ্ব দুই বৎসর মেয়াদের বিনাশ্রমে কারাদণ্ড বা অনধিক তিন হাজার টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডনীয় হইবেন।

৫ক। **এই আইনের অধীন অধিক্ষেত্র**।—ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ সনের ৫ নং আইন) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন কোন অপরাধ একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচার্য হইবে।

৬। **তালাক নিবন্ধন**।—(১) কোন নিকাহ্ নিবন্ধক তাহার অধিক্ষেত্রের আওতাধীন মুসলিম আইন অনুযায়ী কার্যকর কোন তালাক নিবন্ধনের জন্য তাহার নিকট দাখিলকৃত আবেদনপত্রের ভিত্তিতে উহা নিবন্ধন করিতে পারিবেন।

(২) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ তালাক কার্যকর করে, উক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক মৌখিকভাবে তালাক নিবন্ধীকরণের আবেদন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, যদি মহিলা পর্দানশীন হন, তাহা হইলে তৎকর্তৃক যথাযথভাবে ক্ষমতাপ্রদত্ত উকিলের মাধ্যমে অনুরূপ দরখাস্ত করা যাইবে।

(৩) নিবন্ধন আইন, ১৯০৮ (১৯০৮ সনের ১৬ নং আইন) এর অধীন স্বামী কর্তৃক স্ত্রীকে তালাক প্রদানের ক্ষমতা অর্পণ সংক্রান্ত দলিল বা বিবাহ রেজিস্টারে উল্লিখিত অনুরূপ ক্ষমতা অর্পণ সংক্রান্ত কোন এন্ট্রির সত্যায়িত অনুলিপি উপস্থাপন ব্যতীত নিকাহ্ নিবন্ধক "তালাক-ই-তাওফিজ" নামে অভিহিত কোন তালাক নিবন্ধন করিবেন না।

(৪) যেক্ষেত্রে নিকাহ্ নিবন্ধক কোন তালাক নিবন্ধন করিতে অস্বীকার করেন, সেইক্ষেত্রে এইরূপ নিবন্ধনের দরখাস্তকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গ, অনুরূপ অস্বীকৃতির ত্রিশ দিনের মধ্যে, নিবন্ধকের নিকট আপীল করিতে পারিবেন এবং এইরূপ আপীলের উপর নিবন্ধক কর্তৃক প্রদত্ত আদেশ চূড়ান্ত হইবে।

৭। **নিবন্ধনের পদ্ধতি**।—নিকাহ্ নিবন্ধক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কোন বিবাহ্ বা তালাক নিবন্ধন করিবেন।

৮। **নিবন্ধন**।—প্রত্যেক নিকাহ্ নিবন্ধক বিধি দ্বারা নির্ধারিত ফরমে বিবাহ এবং তালাকের পৃথক পৃথক নিবন্ধন বহি সংরক্ষণ করিবেন এবং প্রত্যেক বৎসরের প্রারম্ভে এইরূপ প্রত্যেক নিবন্ধন বহির এন্ট্রিসমূহ ক্রমানুসারে নম্বরকৃত হইবে।

৯। **এন্ট্রিসমূহের অনুলিপি পক্ষগণকে প্রদান**।—কোন বিবাহ্ বা তালাক নিবন্ধন সম্পন্ন হইবার পর, নিকাহ্ নিবন্ধক নিবন্ধন বহিতে এন্ট্রিসমূহের একটি সত্যায়িত অনুলিপি সংশ্লিষ্ট পক্ষগণকে প্রদান করিবেন এবং ইহার জন্য কোন মূল্য ধার্য করা যাইবে না।

১০। **তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ**।—(১) প্রত্যেক নিকাহ্ নিবন্ধক, নিবন্ধকের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে তাহার দাপ্তরিক দায়িত্ব পালন করিবেন।

(২) মহা পরিদর্শক, নিবন্ধন সকল নিকাহ্ নিবন্ধকের দপ্তর সার্বিক তত্ত্বাবধান করিবেন।

১১। **লাইসেন্স বাতিল বা স্থগিতকরণ**।—যতি সরকার মনে করে যে, কোন নিকাহ্ নিবন্ধক তাহার দায়িত্ব পালনের ক্ষেত্রে অসদাচরণের দোষে দোষী অথবা তাহার দায়িত্ব পালনে শারীরিকভাবে অক্ষম বা অসমর্থ, তাহা হইলে লিখিত আদেশ দ্বারা তাহার লাইসেন্স বাতিল, বা আদেশে উল্লিখিত, দুই বৎসরের অধিক নহে, এইরূপ যে কোন মেয়াদের জন্য স্থগিত করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, নিকাহ্ নিবন্ধককে, তাহার বিরুদ্ধে উক্ত আদেশ কেন জারী করা হইবে না, তদমর্মে কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান ব্যতিরেকে, অনুরূপ আদেশ জারী করা যাইবে না।

১২। **নিবন্ধন বহির হেফাজত**।—প্রত্যেক নিকাহ্ নিবন্ধক ধারা ৮ এর অধীন তাহার তত্ত্বাবধানে থাকা নিবন্ধন বহি সমাপ্ত বা সম্পূর্ণরূপে পূরণ না হওয়া পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করিবেন এবং যদি তিনি জেলা ত্যাগ করেন অথবা লাইসেন্স রাখা হইতে বিরত থাকেন, তাহা হইলে উক্ত সময়ে বা যথাশীঘ্র তাহা নিরাপদ হেফাজতের জন্য নিবন্ধকের নিকট হস্তান্তর করিবেন।

১৩। **নিবন্ধন বহি পরিদর্শন**।—যে কোন ব্যক্তি নির্ধারিত ফি পরিশোধপূর্বক, যদি থাকে, নিকাহ্ নিবন্ধকের দপ্তরে রক্ষিত নিবন্ধন বহি পরিদর্শন করিতে বা যে কোন এন্ট্রির অনুলিপি সংগ্রহ করিতে পারিবেন।

১৪। **বিধিমালা প্রণয়ের ক্ষমতা**।—(১) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষতঃ এবং পূর্ববর্তী ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করা যাইবে ঃ—

(ক) ধারা ৪ এর অধীন লাইসেন্স প্রাপ্য ব্যক্তির যোগ্যতা;

(খ) বিবাহ বা তালাক নিবন্ধনের জন্য নিকাহ্ নিবন্ধককে প্রদেয় ফি;

(গ) বিধি প্রণয়ন অবশ্যক এইরূপ যে কোন বিষয়।

১৫। **মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সনের ৮ নং অধ্যাদেশ) এর সংশোধন**।— মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ এর ৮ নং অধ্যাদেশ) তেঃ—

(ক) ধারা ৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত, "এবং কেবল ঐ সকল বিধান অনুসারে মুসলিম বিবাহ নিবন্ধন অনুষ্ঠিত হইবে" কমাটি ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

(খ) ধারা ৫ বিলুপ্ত হইবে;

(গ) ধারা ৬ এর উপ-ধারা (১) এ উল্লিখিত, " এই অধ্যাদেশের অধীন" শব্দগুলির পরিবর্তে " মুসলিম বিবাহ এবং তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর অধীন" শব্দগুলি, কমা, সংখ্যা এবং বন্ধনীসমূহ প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ার হোসেন**
সহকারী সচিব (মুদ্রণ ও প্রকাশনা)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।